সংবাদ

22 NOV 2006

# বাধ্যতামূলক উচ্চশিক্ষা গ্রহণ বাতিলের দাবি প্রাথমিক শিক্ষকদের

নিজস্ব বার্তা পরিবেশক

বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বাধ্যতামূলক উচ্চশিক্ষা গ্রহণ বাতিলের দাবি জানিয়েছেন বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ। গতকাল সমিতির কেন্দ্রীয় কমিটির এক জরুরি সভায় এ দাবি করা হয়। আগামী ২৬ তারিখের মধ্যে দাবি বাস্তবায়ন করা না হলে ২৭ তারিখ থেকে মুক্তাঙ্গনে ২৪ ঘণ্টার অনশন কর্মসূচি পালন করবেন শিক্ষকরা। একই দিন প্রধান উপদেষ্টাকে স্মারকলিপি দেয়া হবে। তারপরও দাবি বাস্তবায়ন না হলে বৃহত্তর ও কঠোর আন্দোলন কর্মসূচি ঘোষণা করা হবে বলেও সমিতির পক্ষ থেকে সিদ্ধান্ত নেয়া হয়েছে।

জরুরি সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি মো. সামসুল আলম। উপস্থিত ছিলেন সমিতির সাধারণ সম্পাদক মৃগেন্দ্র মোহন সাহা, সমিতির নেতা আবুল কালাম, শহিদুল ইসলাম খান, স্বপন কুমার রায়, সাইফুল ইসলাম প্রমুখ।

সভায় বলা হয় ১৫ হাজার বেসরকারি